অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাহামার জন্য ঘূর্ণিঝড় ডোরিয়ান (HURRICANE DORIAN) পরবর্তী দুর্যোগ মোকাবেলায় ত্রাণ প্রচেষ্টার ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেটজুড়ে কৌশলগত স্থানে অপচনশীল পণ্য খালাসের জন্য ডোনেশন ড্রাইভ প্রসারিত করেছেন

নিউ ইয়র্কবাসীদেরকে অলাভজনক সহযোগী প্রতিষ্ঠানগুলোকে দান করার আহ্বান জানিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বাহামার জনগণকে সাহায্য করার জন্য একটি স্টেটওয়াইড ডোনেশন ড্রাইভ ঘোষণা করেছেন যেন তারা ডোরিয়ানের আঘাত কাটিয়ে উঠে পুনঃসংস্কার করতে পারে। এই প্রচেষ্টায় সাহায্য করতে খাদ্য, শুকনো দ্রব্য ও ব্যক্তিগত স্বাস্থ্যবিধিমূলক অগ্রাধিকার প্রদানের জন্য ড্রপ সাইটের সংখ্যা প্রসারিত করতে 16 সেপ্টেম্বর সোমবার থেকে শুরু করে গভর্নর বাহামার কনস্যুলেটের সঙ্গে কাজ করবেন। গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে এই অত্যন্ত প্রয়োজনীয় জিনিসপত্র নিকটস্থ ড্রপ সাইটে দান করার জন্য এবং জনগনকে ইউনিসেফ ও কনস্যুলেট কর্তৃক সুপারিশকৃত অলাভজনক সহযোগী প্রতিষ্ঠানগুলোতে অর্থ দান করতে উৎসাহিত করছেন।

"আমরা সবকিছু খুব ভালোভাবে বুঝতে পারি যে একটি ঘূর্ণিঝড় থেকে পুনরুদ্ধার করা কতটা বিধ্বংসী এবং কঠিন", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে, আমাদের একটি দীর্ঘ এবং গৌরবময় ইতিহাস রয়েছে যারা প্রয়োজনের সময়ে সাহায্য করার জন্য প্রস্তুত এবং ঘূর্ণিঝড় ডোরিয়ানের আঘাতে এখনো হাজার হাজার বাহামিবাসীর দুর্ভোগে রয়েছে, এই কমিউনিটি পুনর্নির্মাণের সাহায্য করতে আমরা আমাদের ক্ষমতা অনুযায়ী সবকিছু করব।"

বাহামা যুক্তরাষ্ট্র ও নিউ ইয়র্কের সঙ্গে বিশেষভাবে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অংশীদার। জুলাই 2019 পর্যন্ত আমেরিকা বাহামা থেকে 239 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য আমদানি এবং 1.97 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি করে। বাহামা থেকে নিউ ইয়র্কের বন্দরে আমদানি করা কন্টেইনার কার্গো এর মূল্য এর আগে ছিল সব ভেসেল আমদানির প্রায় 14%।

"দুর্যোগপূর্ণ আবহাওয়ার ঘটনা বিশ্বের বিভিন্ন এলাকায় প্রভাব ফেলছে এবং অগণিত জীবন ধ্বংস করছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা সবাই জানি এই সমস্ত ঝড় যে প্রভাব ফেলতে পারে এবং পুনরুদ্ধার প্রক্রিয়া কতটা চ্যালেঞ্জিং হতে পারে। এটি বাহামার জন্য বিশেষভাবে প্রমাণিত হয়েছে। এই স্টেটওয়াইড ডোনেশন ড্রাইভ আমাদের প্রচেষ্টার অংশ যা

ধ্বংসযজ্ঞের পর ব্যবসা এবং পরিবারগুলোকে পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণ করতে সাহায্য করবে। পুনরুদ্ধার প্রক্রিয়া অব্যাহত রাখতে আমরা সকল নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করার জন্য উৎসাহিত করি যাতে বাহামার মানুষেরা প্রয়োজনীয় রসদ পায়।"

পরিষদ সদস্য নিক পেরি বলেন, "ক্যারিবিয়ানে আমাদের ভাই-বোনেরা যখন প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হয় তখন এটি গুরুত্বপূর্ণ যে আমরা শুধু কথায় নয় বরং আমাদের কর্মক্ষেত্রেও আমাদের উদ্বেগের কথা প্রকাশ করি। বাহামার মানুষদের আমাদের সমর্থন ও দানের খুব প্রয়োজন। আমি যতটা সম্ভব স্বাভাবিকভাবে আমাদের ত্রাণ প্রচেষ্টাকে সমর্থনে নিউ ইয়র্কবাসীর কাছে গভর্নর কুওমোর সাথে যোগ দেই, যেহেতু আমরা ঘূর্ণিঝড় ডোরিয়ানের ধ্বংসের পর বাহামার জনগণকে অবশিষ্টটুকুর জন্য টিকিয়ে রাখার সহায়তা করার জন্য চেষ্টা করি।"

ক্যারিবিয়ান আমেরিকান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (Caribbean American Chamber of Commerce and Industry)-এর সিনিয়র প্রেসিডেন্ট, সিইও/প্রতিষ্ঠাতা ড. রয় এ. হ্যাস্টিক বলেন, "নিউ ইয়র্কবাসীদের ঘূর্ণিঝড় দ্বারা সৃষ্ট ধ্বংসযজ্ঞের অভিজ্ঞতা আছে এবং আমরা সবসময় তাদের প্রয়োজনের সময় সাহায্য করার জন্য প্রস্তুত থাকবো। যেহেতু বাহামার জনগণ ঘূর্ণিঝড় ডোরিয়ানের পর পুনর্নির্মাণের জন্য সংগ্রাম করছে তাই এই সরবরাহগুলি ব্যক্তি ও পরিবারগুলোকে পুনরায় নিজের পায়ে দাড়াতে প্রয়োজনীয় সহায়তা দেবে। স্টেটজুড়ে সাপ্লাই ড্রপ অফ এর সংখ্যা প্রসারিত করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই এবং আমি সমস্ত নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে এবং দান করতে উৎসাহিত করি।"

ডোনেশন ড্রাইভ

নিউ ইয়র্ক জুড়ে সকল ব্যক্তিকে সকাল ৪টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে নির্বাচিত স্থানে অনুদানের জন্য শুকনো দ্রব্য ও ব্যক্তিগত স্বাস্থ্যবিধি বিষয়ক সামগ্রী ড্রপ অফ করতে উৎসাহিত করা হয়। নিউ ইয়র্ক স্টেট বর্ণিত ড্রপ-অফ সাইটগুলি হলো:

নিউ ইয়র্ক সিটি
Chisolm State Office Building
55 Hanson Place
Brooklyn, NY 11217

Jacob Javits Center
655 W. 34th Street
New York, NY 10001

Jamaica Street Armory
93-05 168th Street
Queens, NY 11432

Roberto Clemente State Park
301 W Tremont Avenue
Bronx, NY 10453

অ্যালবেনি
Empire State Plaza Main Concourse
100 South Mall Arterial
Albany, NY 12242

বাফালো
Walter J. Mahoney State Office Building
65 Court Street
Buffalo, NY 13202

সাইরাকিউজ
Senator John Hughes State Office Building
333 East Washington Street
Syracuse, NY 13202

বাহামার কনস্যুলেট দ্বারা উল্লেখকৃত নিউ ইয়র্ক সিটির অতিরিক্ত ড্রপ লোকেশনগুলো হলো:
Bahamas House
231 East 46th Street
New York, NY 10017

Adam Clayton Powell Bldg
163 West 125th Street
New York, NY 10027

New Covenant Dominion Cathedral
1175 Boston Road
Bronx, NY 10456

New Covenant Dominion Church
3601 Eastchester Road
Bronx, NY 10469

Memorial Presbyterian Church
189 Babylon Turnpike

Roosevelt, NY 11575

United Methodist Church
125-22 150th Street
South Ozone Park, NY 11436

বাহামার কনস্যুলেট কর্তৃক সুপারিশকৃত সহযোগী সংগঠনগুলো
বাহামার কর্মকর্তারা নিম্নলিখিত অলাভজনক দাতব্য সংস্থায় অর্থ অনুদান পাঠানোর পরামর্শ দিয়েছেন:

দ্য বাহামাস হিউম্যান স্যোসাইটি (The Bahamas Humane Society)
বাহামাস ন্যাশনাল ট্রাস্ট (Bahamas National Trust)
গ্র্যান্ড বাহামা চিল্ড্রেন'স হোম (Grand Bahama Children's Home)
হ্যান্ড ফর হাঙ্গার (Hands For Hunger)
লেন্ড এ হ্যান্ড বাহামাস (Lend a Hand Bahamas)
দ্য রোটারি ক্লাব অব ইস্ট নাসাউ (The Rotary Club of East Nassau)
বাহামার শিশুদের জরুরি হোস্টেল - 1 242-361-4124
দ্য বাহামাস রেড ক্রস সোসাইটি (The Bahamas Red Cross Society)
দ্য বাহামাস রেড ক্রস সোসাইটি-এবাকো (The Bahamas Red Cross Society-Abaco)
দ্য বাহামাস রেড ক্রস সোসাইটি-গ্র্যান্ড বাহামা (The Bahamas Red Cross Society-Grand Bahama)
HeadKnowles
YMCA গ্র্যান্ড বাহামা ট্রেডিং YMCA গ্র্যান্ড বাহামা নামে পরিচিত

ঘূর্ণিঝড় ডোরিয়ান পরবর্তী ত্রাণ সরবরাহ প্রয়োজন
ড্রাই স্যুপ
নুডলস
ক্র্যাকার্স
চাল
বিভিন্ন ধরনের কুকিজ
বাদামের মাখন
জ্যাম
বাষ্পীভূত দুধ
টিনজাত মাংস
টিনজাত মাছ
জুস
লেবুর রস
চিনি

শুকনো খাদ্যশস্য (বিবিধ)
ওয়াইপস (পৃথক প্যাকেজ)
ডায়াপার (বিভিন্ন আকারের)
বেবি মিল্ক (টিনজাত/বিবিধ)
বেবি খাদ্যশস্য (বিবিধ)
পেডিয়াশিওর
ইনশিওর
গ্লুসারেনা
মেয়েলি স্বাস্থ্যবিধি বিষয়ক পণ্য
টিস্যু
পেপার টাওয়েল
পোড়কা তাড়ানোর সাবান
ভ্যাসলিন
ব্লিচ
ডিটারজেন্ট

ডোরিয়ান আক্রান্তদের জন্য নিউ ইয়র্কের চলমান সহায়তা
ঘূর্ণিঝড় ডোরিয়ানে আক্রান্তদের সহায়তা করার এটিই সর্বশেষ প্রচেষ্টা। গত বেশ কয়েক সপ্তাহ ধরে, গভর্নর জরুরি মিশনের মাধ্যমে স্টেটগুলিকে সহায়তা করার জন্য বিশেষ ক্রদের প্রেরণ করেন, যার মধ্যে রয়েছে ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) থেকে 25 জনের একটি ঘটনা ব্যবস্থাপনা দল যা ফ্লোরিডাতে পাঠানো হয়েছিল এবং স্টেট অফিস অব ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (State Office of Fire Prevention and Control) এবং ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation)-এর স্টেট অফিস থেকে 34 জন জলজ উদ্ধারকর্মী যা পাঠানো হয়েছিল নর্থ ক্যারোলিনায়। ঐ সমস্ত এলাকায় ঘূর্ণিঝড় ধারণার চেয়ে কম প্রভাব ফেলায় সব ক্রু নিউ ইয়র্কে ফিরে এসেছে।

###